



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

Bangladesh Food Safety Authority

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

খাদ্য মন্ত্রণালয়



খাদ্য স্পর্শক (Food Contact Material) উৎপাদন ও ব্যবহার সম্পর্কিত সতর্কীকৃত বিজ্ঞপ্তি

খাদ্য স্পর্শক হল এমন উপকরণ যা ইতোমধ্যে খাদ্য সংস্পর্শে আছে বা আসার সম্ভাবনা রয়েছে। খাদ্যের ঝুঁকি এড়াতে ও নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য স্পর্শকের গুরুত্ব আছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক খাদ্যের নিরাপদতা রক্ষার্থে খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ (এস. আর. ও নং ২৫৭-আইন/২০১৯ তারিখ ২১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ) জারি করা হয়েছে। খাদ্য স্পর্শক উৎপাদনকারী, আমদানিকারক, সরবরাহকারী, খাদ্য মোড়কজাতকারী, খাদ্য ব্যবসায়ী ও গ্রাহকসহ সংশ্লিষ্ট সকলকে খাদ্য স্পর্শক ক্রয় ও বিক্রয়ের ক্ষেত্রে খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ যথাযথভাবে অনুসরণ করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

১. খাদ্যে বিষক্রিয়া সৃষ্টি করে এমন খাদ্য স্পর্শক বা মোড়ক খাদ্যদ্রব্যে ব্যবহার করা যাবে না।
২. এমন কোন খাদ্য স্পর্শক বা মোড়ক ব্যবহার করা যাবে না, যা খাদ্যের রং, গন্ধ ও উপাদানের পরিবর্তন ঘটায়।
৩. খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত যন্ত্রগাতি ও কাঁচামাল নিরাপদ ও স্বাস্থ্যসম্মত হতে হবে।
৪. খাদ্যের মোড়কে বা প্যাকেটে ধাতব বস্তু (স্ট্যাপলার/ সেফটি পিন) ব্যবহার করা যাবে না।
৫. খাদ্যের মোড়ক বা স্পর্শক হিসাবে নিম্নমানের ও রিসাইকেলড পলিথিন বা পুরানো খবরের কাগজ ব্যবহার করা যাবে না।
৬. গরম খাবার বা পানীয় পরিবেশনের ক্ষেত্রে নিম্নমানের ও রিসাইকেলড প্লাস্টিক কাপ/বক্স/পাত্র ব্যবহার করা যাবে না।
৭. খাদ্য স্পর্শক হতে নির্গমিত বস্তু ও বস্তু কণা অনুমোদিত সীমার মধ্যে থাকতে হবে।
৮. ভোক্তার জন্য বিভাগিকর কোনো তথ্য খাদ্য স্পর্শক বা মোড়কে উল্লেখ করা যাবে না।
৯. খাদ্য স্পর্শক ব্যবসায়ীকে খাদ্য স্পর্শক উৎপাদনের ক্ষেত্রে প্রতিপালিত শর্তাবলি, অনুমতি, মান, ফলাফল, নিরাপত্তা ও প্রক্রিয়াকরণ সংক্রান্ত নথিপত্রের মুদ্রিত বা ইলেকট্রনিক কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
১০. উৎস সনাক্তকরণের নিমিত্ত খাদ্য স্পর্শক উৎপাদনে ব্যবহৃত উপকরণ ক্রয়ের রশিদ বা চালান খাদ্য স্পর্শকের মেয়াদ সমাপ্ত হওয়ার ন্যূনতম ৩ (তিনি) মাস পর্যন্ত সংরক্ষণ করতে হবে।
১১. খাদ্য স্পর্শক উৎপাদক বা বিপণনকারীর নাম, ঠিকানা ও রেজিস্ট্রেশন নম্বর স্পষ্টভাবে খাদ্য স্পর্শক বা মোড়কে উল্লেখ করতে হবে।
১২. নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা খাদ্য স্পর্শক উৎপাদন, আমদানি ও বিতরণের যেকোনো পর্যায়ে উহার মান যাচাই এর জন্য খাদ্য স্পর্শক স্থাপনা পরিদর্শন ও নমুনা সংগ্রহ করতে পারবে।

স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ও খাদ্য স্পর্শক প্রবিধানমালা, ২০১৯ (www.bfsa.gov.com হতে ডাউনলোড যোগ্য) মেনে চলুন এবং স্বাস্থ্যসম্মত নিরাপদ খাবার নিশ্চিত করুন।